রেজিস্ট্রারের দপ্তর
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
গোপালগঞ্জ-৮১০৫।

স্মারক নং-গোবিপ্রবি/র/জপ্র-২/নিয়োগ/২০২৫/এমফিল/পিএইচডি/২৬-২৯/২৩৭১৮

তারিখ ঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩২ / ১৯ নভেম্বর ২০২৫

# এমফিল/পিএইচডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এর ইনস্টিটিউট এবং বিভিন্ন বিভাগসমূহে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে এমফিল এবং পিএইচডি কোর্স/ডিগ্রী-তে ভর্তির জন্য ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনের শেষ তারিখ ২০/১২/২০২৫ তারিখ বিকাল ০৫:০০ টা।

| কোর্সের নাম | আবেদনের যোগ্যতা |
|---|---|
| এফফিল/ পিএইচডি | ১। প্রার্থীর অবশ্যই এস. এস. সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষায় প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জি.পি.এ ৪.০০ অথবা ৪র্থ বিষয় ছাড়া ন্যূনতম জি.পি.এ ৩.৫০ থাকতে হবে।<br>২। প্রার্থীকে অবশ্যই ০৩ বছরের সম্মান/ডিগ্রী (পাশ) শ্রেণী ও ২ (দুই) বছর মেয়াদী স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে এবং স্নাতক (সম্মান)/অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।<br>৩। এমবিবিএস/এমএসসি (এগ্রি)/বিএসসি (ইঞ্জি)/৪ বছরের (সম্মান)/সমমানের ডিগ্রী প্রাপ্তগণ ভর্তির যোগ্য বিবেচিত হবেন, যদি তাঁদের অর্জিত ডিগ্রীতে ৫০% নম্বর থাকে বা গ্রেডিং পদ্ধতিতে সি.জি.পি.এ ৪.০০ স্কেলের মধ্যে ন্যূনতম সি.জি.পি.এ ৩.০০ থাকতে হবে। স্নাতকোত্তর পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে সি.জি.পি.এ ৪.০০ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।<br>৪। উপর্যুক্ত শর্তাবলী পূরণ স্বাপেক্ষে প্রার্থীকে ন্যূনতম ১৭ বছরের শিক্ষাজীবন কাটাতে হবে। |

**শর্তাবলীঃ**

(১) প্রার্থীকে নির্ধারিত ফরম অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.gstu.edu.bd থেকে অথবা ব্যক্তিগতভাবে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ইনস্টিটিউট এর পরিচালক/সংশ্লিষ্ট বিভাগের সভাপতি এর অফিস থেকে সংগ্রহ করতে হবে।
(২) প্রত্যেক প্রার্থীকে ৮০০/-(আটশত) টাকা অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং ০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গোবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মুল অংশ ১টি A4 সাইজের সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মুল কপির সাথে সংযুক্ত করতে হবে।
(৩) প্রত্যেক প্রার্থীকে ০৪ (চার) কপি আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফর্মের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), ও জাতীয়তা সনদ ও গবেষণার বিস্তারিত সিনোপসিস সংযুক্ত করতে হবে।
(৪) সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রতিটি আবেদন ফর্মে আঠা দিয়ে লাগাতে হবে।
(৫) কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
(৬) **আবেদনপত্র** গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটের পরিচালক/সংশ্লিষ্ট বিভাগের সভাপতির **অনুকুলে প্রেরণ করতে হবে।**
(৭) প্রার্থীদের সাক্ষাৎকার/ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
(৮) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(মোঃ এনামউজ্জামান)
রেজিস্ট্রার
গোবিপ্রবি, গোপালগঞ্জ।